সংবাদ

তারিখ 20 OCT 2002

# মানিকগঞ্জে ছাত্রদলের কমিটি গঠন নিয়ে প্রতিবাদ ও নিন্দা

নিজস্ব বার্তা- পরিবেশক, মানিকগঞ্জ ঃ কেন্দ্রীয় আহ্বায়ক কমিটি কর্তৃক ছাত্রদলের মানিকগঞ্জ জেলা আহ্বায়ক কমিটি গঠনের বিরুদ্ধে ছাত্রদলের একটি গ্রুপ প্রতিবাদ ও নিন্দা জ্ঞাপন করে শুক্রবার বিকেলে স্থানীয় প্রেসক্লাবে এসে বক্তব্য রাখেন। গতকাল সকালে ও বৃহস্পতিবার রাতে শহরে তারা বিক্ষোভ মিছিল করে। ছাত্রদলের বর্তমান আহ্বায়ক কমিটির তিন যুগ্ম-আহ্বায়কও বিক্ষুব্ধ গ্রুপের সঙ্গে বক্তব্য রাখেন।

বক্তারা কেন্দ্রীয় ছাত্রদলের আহ্বায়ক সাহাবুদ্দিন লাল্টুর বিরুদ্ধে মানিকগঞ্জে ছাত্রদলের আহ্বায়ক কমিটি গঠনে দুর্নীতি ও অনিয়মের অভিযোগ তুলেছেন। তারা বলেন ৩৯ সদস্যবিশিষ্ট কমিটির অধিকাংশই অছাত্র। মুদি দোকানদার, ঠিকাদার এমনকি কোনদিনও স্কুলে যায়নি এমন ব্যক্তিকেও সদস্য করা হয়েছে। বক্তারা বিএনপির প্রথম যুগ্ম-আহ্বায়ক তারেক রহমানের কাছে আহ্বান জানিয়েছেন, পুনর্তদন্ত করে বর্তমান কমিটি ভেঙে দিয়ে নতুন কমিটি গঠন করার জন্য। এতে বক্তব্য রাখেন আসাদুজ্জামান দোলন, রিয়াজ মাহমুদ, হারেজ, মতিউর রহমান আঙ্গুর, গোলাম রফি অপু, মাসুদুর রহমান, ফারহানা জুবাইদা সিমকী, আবু বকর সিদ্দিকী বাচ্চু প্রমুখ।

উল্লেখ্য, গোলাম আবেদি কায়সারকে আহ্বায়ক করে ৩৯ সদস্যবিশিষ্ট জেলা ছাত্রদলের সম্মেলন প্রস্তুতি কমিটি গঠন করা হয়েছে। সাহাবুদ্দিন লাল্টু এ কমিটি ৬ই অক্টোবর অনুমোদন করেন।